জেলা প্রশাসক	
এ. ডি. সি. (সার্বি)	
এ. ডি. সি. (রাজ)	
এ. ডি. এম.	
সি.এ-টু-ডি. সি	

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মন্ত্রিপরিষদ বিভাগ

শুদ্ধসুরে জাতীয় সংগীত পরিবেশন এবং সকল শিক্ষা প্রতিষ্ঠানে জাতীয় সংগীত চর্চাকে অনুপ্রাণিত করার লক্ষ্যে দেশব্যাপী প্রতিটি শিক্ষা প্রতিষ্ঠানের সকল শিক্ষার্থীর অংশগ্রহণে দলগত জাতীয় সংগীত পরিবেশন প্রতিযোগিতা ২০১৯ আয়োজন সংক্রান্ত কেন্দ্রীয় সমন্বয় কমিটির চতুর্থ সভার কার্যবিবরণী:

সভাপতি	:	ড. মোঃ শামসুল আরেফিন সচিব, সমন্বয় ও সংস্কার, মন্ত্রিপরিষদ বিভাগ।
তারিখ	:	২১ মার্চ ২০১৯, বৃহস্পতিবার
সময়	:	সকাল ১০:০০ ঘটিকা
সভার স্থান	:	মন্ত্রিপরিষদ বিভাগের সভাকক্ষ
সভার উপস্থিতি	:	পরিশিষ্ট 'ক'

১.০। উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভাপতি সভার কাজ শুরু করেন। সভাপতির অনুমতিক্রমে উপসচিব (বিধি), মন্ত্রিপরিষদ বিভাগ সভার কার্যপত্র উপস্থাপন করেন। সভায় বিগত সভার সিদ্ধান্ত বাস্তবায়নের অগ্রগতি পর্যালোচনা করা হয়। দেশের সকল শিক্ষা প্রতিষ্ঠানে শুদ্ধসুরে জাতীয় সংগীত চর্চাকে অনুপ্রাণিত করার লক্ষ্যে দেশব্যাপী প্রতিটি শিক্ষা প্রতিষ্ঠানের সকল শিক্ষার্থীর অংশগ্রহণে ১০ জানুয়ারি ২০১৯ হতে ১৮ মার্চ ২০১৯ তারিখ পর্যন্ত অনুষ্ঠিত জাতীয় সংগীত পরিবেশন প্রতিযোগিতা ২০১৯ সুষ্ঠুভাবে সম্পন্ন হওয়ায় সভাপতি সংশ্লিষ্ট সকলকে আন্তরিক ধন্যবাদ জ্ঞাপন করেন। এছাড়া আসন্ন স্বাধীনতা ও জাতীয় দিবস ২৬ মার্চ ২০১৯ তারিখে জাতীয় পর্যায়ে বিজয়ীদের পুরস্কার প্রদান এবং সারাদেশে ও বিদেশে একযোগে জাতীয় সংগীত পরিবেশন কর্মসূচি সুষ্ঠু ও সফলভাবে সম্পন্ন করার লক্ষ্যে তিনি সংশ্লিষ্ট সকলের সার্বিক সহযোগিতা কামনা করেন।

২.০। বিস্তারিত আলোচনা শেষে সভায় নিম্নরূপ সিদ্ধান্তসমূহ হয়:

২.০১। **২৬ মার্চ ২০১৯ তারিখ সকাল ০৮.০০ টায় মহান স্বাধীনতা ও জাতীয় দিবসে বঙ্গবন্ধু জাতীয় স্টেডিয়ামে জাতীয় শিশু কিশোর সমাবেশে মাননীয় প্রধানমন্ত্রীর উপস্থিতিতে সারাদেশে ও বিদেশে একযোগে শুদ্ধসুরে জাতীয় সংগীত পরিবেশনের বিষয়টি নিশ্চিত করতে হবে।**

২.০২। উপজেলা, জেলা, বিভাগসহ সকল পর্যায়ে একযোগে জাতীয় সংগীত পরিবেশনের জন্য অনুষ্ঠানস্থলে টেলিভিশন/ মনিটর রাখার ব্যবস্থা করতে হবে।

২.০৩। ২৬ মার্চ ২০১৯ তারিখ বঙ্গবন্ধু জাতীয় স্টেডিয়ামে সকাল ০৮:০০ টায় মাননীয় প্রধানমন্ত্রীর উপস্থিতিতে জাতীয় সংগীত পরিবেশনকালে বিদেশস্থ বাংলাদেশ মিশনে সম্ভাব্য ক্ষেত্রে বাংলাদেশের সাথে একযোগে একই সময়ে জাতীয় সংগীত পরিবেশন এবং অন্যান্য ক্ষেত্রে একই দিনে তাদের সুবিধাজনক সময়ে এ কর্মসূচি পালনের বিষয়টি পররাষ্ট্র মন্ত্রণালয় নিশ্চিত করবে।

২.০৪। শুদ্ধসুরে জাতীয় সংগীত পরিবেশন কর্মসূচির চূড়ান্ত প্রতিযোগিতায় ০৩ পর্যায়ের মোট ০৯ টি বিজয়ীদলের সবাইকে ০৯ টি দল হিসেবে মাননীয় প্রধানমন্ত্রীর নিকট থেকে পুরস্কার গ্রহণের ব্যবস্থা করতে জেলা প্রশাসক, ঢাকাকে অনুরোধ করা হয়। এ বিষয়টি সম্ভব না হলে ০৯ টি বিজয়ী দলের ০৯ জন দলনেতাকে ২৬ মার্চ ২০১৯ তারিখ বঙ্গবন্ধু জাতীয় স্টেডিয়ামে মাননীয় প্রধানমন্ত্রী কর্তৃক পুরস্কার প্রদান এবং বাকী ৮১ জনের পুরস্কার ঐ একই অনুষ্ঠানে পরবর্তীতে মাননীয় মন্ত্রী, মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয় কর্তৃক প্রদান করার বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়।

২.০৫। জাতীয় পর্যায়ে বিজয়ীদের জন্য সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয় কর্তৃক মোট ৯০ টি পদক (৩০টি স্বর্ণ, ৩০টি রৌপ্য ও ৩০টি ব্রোঞ্জ) ও সনদসমূহ ২৫ মার্চ ২০১৯ তারিখ ঢাকা জেলা প্রশাসকের প্রতিনিধি দলের কাছে হস্তান্তর করবে এবং জেলা প্রশাসক, ঢাকা পদক ও সার্টিফিকেটসমূহ ট্রেজারিতে সংরক্ষণ এবং ২৬ মার্চ ২০১৯ তারিখ সকাল ৭.০০ টার পূর্বে বঙ্গবন্ধু জাতীয় স্টেডিয়ামে আনার ব্যবস্থা করবে।

২.০৬। বাংলাদেশ শিল্পকলা একাডেমি ০৯ টি বিজয়ী দলের ৯০ জনসহ ১১৮ জনের এবং জাতীয় সংগীত পরিবেশনের জন্য নির্বাচিত ২০০ জনের SB পাসের জন্য ছবিসহ বিস্তারিত তথ্য এবং তালিকা জেলা প্রশাসক, ঢাকা-এর নিকট প্রেরণ করবে।

২.০৭। বাংলাদেশ শিল্পকলা একাডেমি কর্তৃক ২৬ মার্চ ২০১৯ তারিখে সকাল ৭.০০ টার পূর্বেই বঙ্গবন্ধু জাতীয় স্টেডিয়ামে শুদ্ধসুরে জাতীয় সংগীত পরিবেশন চূড়ান্ত প্রতিযোগিতার বিজয়ীদলের ০৯ জন দলনেতাসহ মোট ৯০ জন প্রতিযোগিসহ মোট ১১৮ জন এবং জাতীয় সংগীত পরিবেশনের জন্য নির্বাচিত ২০০ জনকে জেলা প্রশাসক, ঢাকা-এর প্রতিনিধির নিকট পৌছানোর প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে।

২.০৮। জেলা প্রশাসক, ঢাকা জাতীয় সংগীত প্রতিযোগিতা ২০১৯ এর জাতীয় পর্যায়ে বিজয়ীদলের মোট ১১৮ জন এবং জাতীয় সংগীত পরিবেশনের জন্য নির্বাচিত ২০০ জনকে ২৬ মার্চ ২০১৯ তারিখ বঙ্গবন্ধু জাতীয় স্টেডিয়ামে প্রবেশ এবং আসনের ব্যবস্থা গ্রহণ করবে।

২.০৯। তথ্য মন্ত্রণালয় ২৬ মার্চ ২০১৯ তারিখ দেশ ও বিদেশে একযোগে জাতীয় সংগীত পরিবেশনের বিষয়টি বিভিন্ন সরকারি ও বেসরকারি ইলেকট্রনিক ও প্রিন্ট মিডিয়ায় প্রচার ও বাংলাদেশ টেলিভিশন এবং অন্যান্য বেসরকারী চ্যানেলে ২১ হতে ২৫ মার্চ পর্যন্ত সময়ে টিভি স্ক্রলে প্রচারের ব্যবস্থা করবে।

৩.০। আর কোন আলোচ্য বিষয় না থাকায় সকলকে ধন্যবাদ জানিয়ে সভাপতি সভার সমাপ্তি ঘোষণা করেন।

২১.০৩.২০১৯

ড. মোঃ শামসুল আরেফিন
সচিব, সমন্বয় ও সংস্কার
ফোন: ৯৫১৩৪৩৩
ই-মেইল: secy_cnr@cabinet.gov.bd

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রাথমিক শিক্ষা অফিস
রাজবাড়ী।

স্মারক নং জেপ্রাশিঅ/রাজ/৫৭৯/৫ তারিখ: ২৫ মার্চ ২০১৯

১। উপজেলা শিক্ষা অফিসার, সদর/পাংশা/বালিয়াকান্দি/গোয়ালন্দ/কালুখালী, রাজবাড়ী। পত্রের মর্মানুযায়ী ২৬ মার্চ ২০১৯ মহান স্বাধীনতা ও জাতীয় দিবসে সকাল ৮টায় সকল প্রাথমিক বিদ্যালয়ে একযোগে শুদ্ধ সুরে জাতীয় সংগীত গাওয়া নিশ্চিত করতে রাজবাড়ী জেলার সকল কর্মকর্তা ও শিক্ষকগণকে অনুরোধ করা হলো।
২। সংরক্ষণ নথি।

২৫.৩.১৯

হোসনে ইয়াসমিন করিমী
জেলা প্রাথমিক শিক্ষা অফিসার
রাজবাড়ী।